

বসতবাড়িতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে আলু চাষীদের সহায়তা প্রদান কর্মসূচী।

০১. বাস্তবায়নকরী সংস্থা : কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম)।
০২. বাস্তবায়নকাল : ১ জুলাই, ২০১৫ হতে ৩০ জুন, ২০১৮।
০৩. প্রাক্কলিত ব্যয় : ১০০.০০ লক্ষ টাকা।
০৪. অর্থায়নের উৎস : জিওবি।
০৫. কর্মসূচীর উদ্দেশ্য প্রধান : ক) বসতবাড়ীতে আলু সংরক্ষণের জন্য উদ্বুদ্ধকরণ ও মডেল হিসেবে স্বল্প মূল্যে আলু সংরক্ষণাগার নির্মাণ করে দেশীয় প্রযুক্তিতে আলু সংরক্ষণ ব্যবস্থা প্রদর্শন করা;
খ) সঠিক সংগ্রহোত্তর ব্যবস্থাপনার দ্বারা অপচয় হ্রাস করার মাধ্যমে আলুচাষীদের অধিক আয় নিশ্চিত করা;
গ) কর্মসূচীর আওতাভুক্ত প্রতিটি উপজেলার ২টি কৃষক বিপণন দল গঠনপূর্বক তাদেরকে আধুনিক বিপণন কলাকৌশল বিষয়ে নিবিড় ও বাস্তব সম্মত প্রশিক্ষণের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা;
ঘ) ভ্যালুচেইন-সাপ্লাইচেইন এর ধারণার প্রয়োগসহ আলু চাষীদের কৃষি ব্যবসায় আগ্রহী করে গড়ে তোলা;
ঙ) ভাত ও গমের পাশাপাশি আলুর বহুবিধ ব্যবহার ও পুষ্টিমান সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা এবং আলু হতে রকমারী খাবার তৈরীর রন্ধন-প্রণালী সম্পর্কে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান ও আলুর বৈচিত্রময় খাবার খাওয়ার অভ্যাস গড়ে তোলার মাধ্যমে অভ্যন্তরীণ চাহিদা বৃদ্ধি করা ;
চ) আলুর সংরক্ষণকাল বৃদ্ধির উদ্দেশ্যে কৃষক বিপণন দলসমূহকে ত্রিগুণ সরবরাহ করা এবং
ছ) বিভিন্ন আলু প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠানসমূহে মোটিভেশনাল ট্যুর-এর মাধ্যমে আলু চাষীদের বাণিজ্যিক জাতের আলুর আবাদে উদ্বুদ্ধ করা ও প্রক্রিয়াজাতকারীদের সাথে সম্ভাব্য সংযোগ তৈরীর উদ্যোগ গ্রহণ।
০৬. কর্মসূচী এলাকা : ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী এবং রংপুর বিভাগের ১১টি জেলা (মুন্সিগঞ্জ, কুমিল্লা, চাঁদপুর, রাজশাহী, বগুড়া, জয়পুরহাট, নওগাঁ, রংপুর, ঠাকুরগাঁও, নীলফামারী, দিনাজপুর)।
০৭. কর্মসূচীর আর্থিক অগ্রগতি : (লক্ষ টাকা)

পিপিএনবি বরাদ্দ	২০১৫-১৬ সালের সংশোধিত বরাদ্দের বিপরীতে ৩০ জুন, ২০১৭ পর্যন্ত অগ্রগতি		৩০ শে জুন, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি (%)
	বরাদ্দ	অগ্রগতি (%)	
১০০.০০	৫৯.০০	৫৭.১১(৯৬.৮০%)	৭৪.৬৯(৭৪.৬৯%)

০৮. কর্মসূচীর উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি :

ক্র: নং	কার্যক্রমের বিবরণ	৩০ জুন, ২০১৭ পর্যন্ত অগ্রগতি
(ক)	আলু সংরক্ষণ ঘর নির্মাণ কর্মসূচীর আওতাভুক্ত নির্বাচিত উপজেলার প্রতিটিতে নির্ধারিত কৃষক দলের সদস্যের বসত বাড়ীর ছায়াযুক্ত স্থানে ০১টি করে (২৫×১৫ ফুট সাইজের এবং ৩৫-৪০ টন ধারণ ক্ষমতা সম্পন্ন) মোট ৪০টি অহিমায়িত ঘর নির্মাণ করা।	কর্মসূচীর প্রকল্পের আওতায় বিভিন্ন জেলায় ইতোমধ্যে ৩০টি অহিমায়িত সংরক্ষণাগার ঘর নির্মাণ করা হয়েছে।
(খ)	গুপ গঠন কর্মসূচীভুক্ত ১১টি জেলার ৪০টি উপজেলার প্রতিটিতে ক্ষুদ্র ও মাঝারী আলু চাষীদের সমন্বয়ে ০২টি করে সর্বমোট ৮০টি কৃষক বিপণন দল গঠন করা। এ সকল কৃষক বিপণন দলের সাথে রপ্তানীকারক ও প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠানের লিংকেজ স্থাপন করা।	ক্ষুদ্র ও মাঝারী আলু চাষীদের সমন্বয়ে ইতোমধ্যে ৬০টি কৃষক বিপণন দল গঠন করা হয়েছে।
(গ)	খাদ্য প্রদর্শনীর আয়োজন আলুর নানাবিধ ব্যবহার ও পুষ্টিমান সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং খাদ্যাভ্যাস গড়ে তোলার জন্য ৭২টি খাদ্য প্রদর্শনীর আয়োজন করা।	কর্মসূচীর আওতায় ৫০টি খাদ্য প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।
(ঘ)	টিওটি প্রশিক্ষণ অধিদপ্তরসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে ২৫ জনের ০২টি গুপকে টিওটি প্রশিক্ষণ প্রদান করা।	ইতোমধ্যে ২৫ জনের ০২টি গুপকে টিওটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
(ঙ)	প্রশিক্ষণ আলুর সংগ্রহোত্তর ব্যবস্থাপনা, প্রক্রিয়াজাতকরণ ইত্যাদি বিষয়ে ৩৫ ব্যাচে সর্বমোট ১,৯৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা।	কর্মসূচীর আওতায় বিভিন্ন বিষয়ে ইতোমধ্যে ৯৫০ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
(চ)	সেমিনার ও ওয়ার্কসপ ৩টি ওয়ার্কসপ/ফোকাস সেশন এবং জাতীয় পর্যায়ে ১টি সেমিনারের আয়োজন করা।	২টি ওয়ার্কসপ আয়োজন করা হয়েছে।